

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৭১(আগরতলা, ১৬।৫)  
বিলোনীয়া, ১৬ মে, ২০১৮

প্রতি বৃহস্পতিবার দক্ষিণ জেলার জেলা শাসক  
সাধারণ মানুষের সঙ্গে সাক্ষাৎ করবেন

দক্ষিণ জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন জেলার সর্বসাধারণের অবগতির জন্য এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে, প্রতি সপ্তাহে বৃহস্পতিবার সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত জেলা শাসকের সঙ্গে সরাসরি সাক্ষাৎ করে তাদের অভিযোগ লিপিবদ্ধ করতে পারবেন। জনসাধারণ ইচ্ছা করলে যে কোন সময়ে তাদের অভিযোগ অনলাইনে যেকোন দপ্তরের কাছে জানাতে পারবেন। এই সুযোগ ২৪ ঘন্টা চালু থাকবে। সরাসরি দায়ের করা অভিযোগের মতোই অনলাইনে প্রাপ্ত অভিযোগকেও গুরুত্বসহ বিবেচনা করা হবে। তবে কিছু কিছু বিষয় রয়েছে যেগুলোর ব্যাপারে অনলাইনে অভিযোগ প্রযোজ্য হবে না। যেমন, যে সব মামলা আদালতে বিচারাধীন রয়েছে, ব্যক্তিগত ও পারিবারিক কলহ, আর টি আই বিষয়ক, দেশের সংহতি বা প্রতিবেশী রাষ্ট্রের সম্পর্ক বিপন্ন করে এমন বিষয়ের প্রস্তাব বা পরামর্শ ইত্যাদি।

জেলা শাসক শ্রী বর্ধন জানান, অনলাইনে অভিযোগ দায়ের করতে না পারলে জেলা শাসকের অফিস বা নিকটবর্তী মহকুমা শাসক, বি ডি ও অফিসে বা কমিউনিটি সার্ভিস সেন্টারে গিয়ে তাদের সাহায্য নিয়ে অভিযোগ দায়ের করতে পারবেন।

\*\*\*\*\*